# এডুকেশন, সায়েন্স অ্যান্ড ইনোভেশন অ্যালায়েন্স (ইসাইয়া) ফেলোশিপ- ২০২৩

## এডুকেশন, সায়েন্স অ্যান্ড ইনোভেশন অ্যালায়েন্স (ইসাইয়া)

এডুকেশন, সায়েন্স অ্যান্ড ইনোভেশন অ্যালায়েন্স (ইসাইয়া) উত্তর আমেরিকার একটি অলাভজনক প্রতিষ্ঠান। উত্তর আমেরিকাতে বসাবসরত সাস্টিয়ান কেমিস্টদের মাধ্যমে যাত্রা শুরু হলেও দেশি বিদেশী শুভাকাঙ্খী ইসাইয়া এর কার্যক্রমে যুক্ত হতে আগ্রহ প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটি বাংলাদেশে মানসম্মত (ব্যক্তিগত ও সমষ্টিগত) উচ্চশিক্ষা প্রসারে কিছু ইতিবাচক কার্যক্রম হাতে নিয়েছে। এ লক্ষ্যে অধ্যয়নরত ছাত্রদের ফেলোশিপ প্রদান এবং সাইন্টিফিক সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। অদূর ভবিষ্যতে রিসার্চ গ্রান্ট প্রদান, রিসার্চ ইকুইপমেন্ট এবং কেমিক্যাল ক্রয়ে সহায়তা প্রদান করা হবে।

এখানে উল্লেখ্য যে, প্রতিষ্ঠানটির কোনধরনের লুকায়িত রাজনৈতিক, ব্যবসায়িক, জাতিগত বা ধর্মীয় এজেন্ডা নেই।

## এডুকেশন, সায়েন্স অ্যান্ড ইনোভেশন অ্যালায়েন্স (ইসাইয়া) ফেলোশিপ- ২০২৩

ইসাইয়া প্রাথমিক ও পরীক্ষামূলক কার্যক্রম হিসাবে ইসাইয়া, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে ভিন্ন ভিন্ন ক্যাটেগরিতে ফেলোশিপ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এককালীন ২৫,০০০/- টাকা করে প্রতিটি ফেলোশিপ প্রদান করা হবে। মাস্টার্সের এবং সম্মান ১ম বর্ষ, ১ম সেমিস্টারের ছাত্র বা ছাত্রী এই ফেলোশিপের জন্যে বিবেচিত হবে না। কোন শিক্ষার্থীর রাজনৈতিক / ধর্মীয় পরিচয় ফেলোশিপ পেতে প্রভাব বিস্তার করবে না। নিম্নে চারটি ফেলোশিপ সম্পর্কে বিস্তারিত প্রদান করা হল-

### ১ অ) একাডেমিক এক্সিলেন্স ফেলোশিপ
এই ফেলোশিপটির লক্ষ্য বিভাগের সেরা শিক্ষার্থীকে স্বীকৃতি দেওয়া। ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে (১ সেমিস্টারের ফলাফল) এই ফেলোশিপ দেয়া হবে। এতে শিক্ষার্থীদের মধ্যে সুষ্ঠ প্রতিযোগিতা বাড়বে বলে আশা করে।

### ১ আ) একাডেমিক এক্সিলেন্স ফেলোশিপ (ফিমেল)
মেয়েদের বিজ্ঞান শিক্ষায় উৎসাহ প্রদানের জন্যে এই ফেলোশিপ প্রদান করা হবে। আমাদের লক্ষ্য রসায়ন বিভাগের সেরা (একাডেমিক) ছাত্রীটিকে স্বীকৃতি দেয়া।

### ২) কমিউনিটি লিডার ফেলোশিপ
এক্সট্রা-কারিকুলার কার্যক্রমের অবদান স্বরূপ কমিউনিটি লিডার ফেলোশিপটি প্রদান করা হবে। বিভিন্ন ধরণের কমিউনিটি প্রোগ্রামে ( সাংস্কৃতিক বা খেলাধুলা বা বিভাগীয় /ভার্সিটি পর্যায়ে) সক্রিয় এমন শিক্ষার্থী খুঁজে বের করা, তাদের কাজের স্বীকৃতি দেওয়া এবং উৎসাহিত করা এর মূল লক্ষ্য। উল্লেখ্য যে রাজনৈতিক ও ধর্মীয় কার্যক্রম এক্সট্রা-কারিকুলার একটিভিটিস হিসেবে বিবেচনা করা হবে না।

### ৩) ইসায়া ফিচার ফেলোশিপ
প্রকৃতই যাদের আর্থিক সহায়তা প্রয়োজন তাদের জন্যেই এই ফেলোশিপটি। এই ফেলোশিপটির জন্যে বিবেচিত হতে হলে ছাত্র/ছাত্রীদের ন্যূনতম একাডেমিক ফলাফল অর্জন করতে হবে (কমপক্ষে সিজিপিএ- ৩.০০)।

**ফেলোশীপের জন্যে মনোনীত করার গাইডলাইন**

**ক) ফেলোশিপের জন্যে আবেদন আহবান**

বিভাগীয় নোটিশ বোর্ড, কেমিস্ট্রি এলামনাই পেজ, এবং অন্যান্য সোশ্যাল মিডিয়াতে ফেলোশিপের জন্যে দরখাস্ত আহ্বান করা হবে। শিক্ষার্থীরা আবেদন পত্র বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ এবং ইসাইয়ার ইমেইলে (esialliance2020@gmail.com) প্রয়োজনীয় ডকুমেন্টস একটি পিডিএফ ফাইলে (নিম্নে উল্লেখিত) পাঠাবে।

ছাত্র/ছাত্রীদের নিম্নলিখিত নথিগুলি সরবরাহ করতে হবে:
১। একটি পূর্ণাঙ্গ বায়োডাটা
২। ইংরেজীতে পার্সোনাল স্টেটমেন্ট (১ পাতা)
৩। একাডেমিক রেকর্ড
৪। সাস্টে প্রাপ্ত অন্যান্য সনদ/ প্রশংসা পত্র (যদি থাকে)
৫। ফেলোশিপ প্রাপ্তির সহায়ক অন্য যে কোন প্রমাণাদি / কাগজ পত্র (যদি থাকে)

**১(অ) একাডেমিক এক্সিলেন্স ফেলোশিপ**

একাডেমিক এক্সিলেন্সের জন্য বিভাগের শিক্ষার্থীদের পূর্ববর্তী সেমিস্টারের ফলাফল বিবেচনা করতে হবে (উদাহরণস্বরূপ, চতুর্থ বর্ষের ১ ম-সেমিস্টারের ফলাফল চতুর্থ বর্ষ / দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীর জন্য বিবেচনা করা হবে, তৃতীয় বর্ষের দ্বিতীয়-সেমিস্টারের ফলাফল চতুর্থ বর্ষ / প্রথম শিক্ষার্থীর জন্য বিবেচিত হবে, ইত্যাদি) ।

**১(আ) একাডেমিক এক্সিলেন্স ফেলোশিপ (ফিমেল)**

আবেদনকারীদের উপরের একাডেমিক এক্সিলেন্স ফেলোশিপের মানদণ্ডটি পূরণ করতে হবে। উল্লেখ্য যে ১(অ) ফেলোশিপের জন্যে বিবেচিত শিক্ষার্থীকে এই ফেলোশীপে নির্বাচিত করা যাবে না।

**২) কমিউনিটি লিডার ফেলোশিপ**

শিক্ষার্থীদের পাঠক্রম বহির্ভূত কার্যক্রমের(সাংস্কৃতিক, ক্রীড়া, কমিউনিটি হেল্প) অবদান স্বরূপ এই ফেলোশিপ প্রদান করা হবে। রাজনৈতিক বা ধর্মীয় কর্মকান্ডকে পাঠক্রম বহির্ভূত কাজ বলে বিবেচিত করা হবে না। উল্লেখ্য যে, অন্য কোন বৃত্তি বা ফেলোশিপের জন্যে নির্বাচিত হয়ে থাকলে এই ফেলোশিপের জন্যে বিবেচিত হবে না।

**৩) ইসায়া ফিচার ফেলোশিপ**

যাদের আর্থিক সহায়তা প্রয়োজন তারাই এই ফেলোশিপের জন্যে বিবেচিত হবে। তবে এই ফেলোশিপ পেতে নূন্যতম সিজিপিএ > ৩.০০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে এবং অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থার কাছ থেকে কোন ধরণের আর্থিক সুবিধা প্রাপ্ত হবে না।

**গ) চূড়ান্ত নির্বাচন**

রসায়ন বিভাগ কর্তৃক মনোনীত অনধিক তিন (০৩) জন এবং ইসাইয়া কর্তৃক মনোনীত অনধিক পাঁচ (০৫) জনের সমন্বয়ে কমিটি ঘটনা করা হবে। কমিটি চূড়ান্ত সিদ্ধান্তের আগে আবেদনকারীদের সাক্ষাত্কার গ্রহণ করবে। পার্সোনাল স্টেটমেন্ট, একাডেমিক রেকর্ড / সনদপত্র এবং সাক্ষাত্কারের ভিত্তিতে, ইসাইয়া প্রতিটি ফেলোশিপের জন্য একজন করে শিক্ষার্থীকে মনোনীত করবে। কেউ যদি ফেলোশিপ প্রত্যাখ্যান করে তবে

কমিটি অন্য একজন আবেদনকারীকে বিবেচনা করবে। ফেলোশিপের টাকা সরাসরি নির্বাচিত ছাত্র/ছাত্রীর একাউন্টে জমা হবে।

বিঃ দ্রঃ
১।কোন ব্যাখ্যা ছাড়াই ফেলোশিপের জন্য আবেদনকারীকে বাছাই বা প্রত্যাখ্যান করার প্রতিটি অধিকার ইসাইয়া সংরক্ষণ করে।

২। বাংলা এবং ইংরেজী ভার্সনের মধ্যে কোন গরমিল হলে, ইংরেজী ভার্সনকে প্রধান্য দেয়া হবে।